

Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 24 April, 2025

নেত্রকোণার মোহনগঞ্জে অভ্যন্তরীণ বোরো ধান ও চাল সংগ্রহ কার্যক্রম ২০২৫-এর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার (২৪ এপ্রিল) সকালে মোহনগঞ্জ উপজেলা এলসিডি খাদ্য গুদামে এ কার্যক্রমের উদ্বোধন করেন খাদ্য অধিদপ্তরের মহাপরিচালক মো. আবুল হাছানাত হুমায়ুন কবীর। জেলা প্রশাসন ও জেলা খাদ্য বিভাগের যৌথ আয়োজনে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক বনানী বিশ্বাস।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ বিভাগের আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক আবু নঈম মোহাম্মদ সফিউল আলম।

মোহনগঞ্জ খাদ্য গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তা ইমরুল কায়েসের সঞ্চালনায় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক রাফিউজ্জামান, জেলা খাদ্য নিয়ন্ত্রক মুয়েতাছেমুর রহমান, মোহনগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা জুয়েল আহমেদ, উপজেলা কৃষি কর্মকর্তা মো. আব্দুস শেখ সাদী, মোহনগঞ্জ থানার ওসি আমিনুল ইসলাম প্রমুখ।

এ বছর জেলার ১০টি উপজেলায় ২৪ এপ্রিল থেকে ৩১ আগস্ট পর্যন্ত সময়কালে মোট ১৩ হাজার ৪৩২ মেট্রিক টন বোরো ধান এবং ৬১ হাজার ১৬১ মেট্রিক টন সিদ্ধ চাল সংগ্রহ করা হবে বলে জানানো হয়েছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:04

URL: <https://www.timestodaybd.com/mymensingh/1416947580>